# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 18.06.2024 Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) রাঙাপানি স্টেশনের কাছে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের দুর্ঘটনা নিয়ে আগামীকাল তদন্ত প্রক্রিয়া শুরু করবেন উত্তর-পূর্ব সীমান্ত রেলের সেফটি কমিশনার।

এই দুর্ঘটনার প্রকৃত কারণ নিয়ে বিভিন্ন মহলে প্রশ্ন উঠেছে। মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ১০।

২) পি এম কিষাণ সম্মান নিধি-র ১৭-তম কিস্তির টাকা প্রধানমন্ত্রী আজ ৯ কোটি ২৬ লক্ষের বেশি কৃষকের ব্যাঙ্ক অ্যাকাউন্টে পাঠিয়েছেন।

২) রাজ্যের চারটি বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনে রায়গঞ্জে মোহিত সেনগুপ্ত এবং বাগদায় অশোক হালদারকে প্রার্থী করেছে কংগ্রেস।

৩) বিজেপি-র কেন্দ্রীয় প্রতিনিধি দল আজ দুই ২৪ পরগনায় ভোট পরবর্তী হিংসায় আক্রান্তদের সঙ্গে দেখা করেছেন।

তৃণমূল কংগ্রেস, এই সফরকে সাজানো গল্প আখ্যা দিয়েছে।

৪) এমাসের ৬ থেকে ১২ জুন পর্যন্ত ভোট পরবর্তী হিংসার ৫৬০-টি অভিযোগ জমা পড়েছে বলে হাইকোর্টে জানিয়েছে রাজ্য পুলিশ।

oooooooooooooooooooooo

রাঙাপানি স্টেশনের কাছে আগরতলা – শিয়ালদা ডাউন কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসে মালগাড়ির ধাক্কায় মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ১০। উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতালে আজ সকালে ৬ বছরের এক শিশুর মৃত্যু হয়। স্নেহা মন্ডল নামে ওই শিশুটি বাবা-মায়ের সঙ্গে মাটিগাড়ায় মামার বাড়ি এসেছিল। কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসে মালদার চাঁচলের বাড়িতে ফিরছিল সে। হাসপাতালের চিকিৎসক ও মেডিকেল কলেজের ডিন ডাক্তার সন্দীপ সেনগুপ্ত জানিয়েছেন, অনেক চেষ্টা করেও বাচ্চাটিকে বাঁচানো যায়নি।

(বাইট)

এদিকে, উত্তর-পূর্ব সীমান্ত রেলের কমিশনার অফ রেলওয়ে সেফটি - জনক কুমার গর্গ দুর্ঘটনাস্থল ঘুরে দেখেছেন। রাঙাপানি স্টেশনের কর্মীদের জিজ্ঞাসাবাদও করেছেন তিনি। সিগনালিং এবং রেলওয়ে ট্র্যাকিং ব্যবস্থায় গোলযোগের কারণেই এই দুর্ঘটনা কিনা, কি করে দুটি ট্রেন এক লাইনে পরপর চলে এলো, তদন্তের আগেই মালগাড়ির চালকের ওপর দোষারোপ করা হচ্ছে কেন, সাংবাদিকদের এই সব প্রশ্নের জবাবে শ্রী গর্গ বলেন, স্বয়ংক্রিয় সিগন্যাল ব্যবস্থা যদি কাজ না করে, সেক্ষেত্রে নির্দিষ্ট পদ্ধতি মানতে হয়। তদন্তেই সবকিছু পরিষ্কার হবে।

(বাইট)

আগামীকাল তদন্ত প্রক্রিয়া শুরু করবেন সেফটি কমিশনার । নিউ জলপাইগুড়ি স্টেশনে গত রাতেই রেল পুলিশের কাছে জমা পড়েছে লিখিত অভিযোগ।

দুর্ঘটনায় নিহত কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের পার্সেল ভ্যানের কর্মী শঙ্করমোহন দাসের কফিনবন্দি দেহ আজ কলকাতার ফুলবাগানের বাড়িতে পৌঁছলে পরিবারের সদস্যরা কান্নায় ভেঙে পড়েন। মরদেহে মালা দিয়ে শ্রদ্ধা জানান, রাজ্যের মন্ত্রী তথা মেয়র ফিরহাদ হাকিম।

ট্রেনের গার্ড আশিষ দে-র মরদেহ শিলিগুড়ির বাড়িতে নিয়ে যাওয়া হয়। ট্রেন যাত্রায় রেলকর্মী এবং যাত্রীদের এভাবে প্রাণ দিতে হবে কেন, সেই প্রশ্ন তুলেছেন তাঁর পরিবার ।

এদিকে, ঘটনাস্থলের লাইন পরিষ্কার ও মেরামতির কাজ শেষ হওয়ার পর আপ ও ডাউন দু-দিকেই ট্রেন চলাচল শুরু হয়েছে। বেশকিছু ট্রেন ঘুরপথে চালানো হচ্ছে। বাতিল করা হয়েছে উত্তর-পূর্ব সীমান্ত রেলের কাটিহার – শিলিগুড়ি – কাটিহার ইন্টারসিটি এক্সপ্রেস, নিউ জলপাইগুড়ি – হাওড়া – নিউ জলপাইগুড়ি শতাব্দী এক্সপ্রেস, শিলিগুড়ি – যোগবাণী ইন্টারসিটি এক্সপ্রেস।

ooooooooooooooooooooooo

উত্তর চব্বিশ পরগণার টিটাগর স্টেশন সংলগ্ন ৯ নম্বর রেল গেট এর কাছে এক নম্বর প্ল্যাটফর্মের দিকে আজ রেল লাইনে ফাটল দেখা গেলে ট্রেন চলাচল ব্যাহত হয়। লাইনে কাজ করার সময় এই ফাটল লক্ষ্য করেন শ্রমিকরা । রেল কর্তৃপক্ষর কাছে সেই খবর পৌঁছতেই দাঁড় করিয়ে দেওয়া হয় ব্যারাকপুর মাঝেরহাট লোকাল । প্রায় ৩০ মিনিট পর ঐ লাইনে ট্রেন চলাচল শুরু হয়।

ooooooooooooooooooooooo

রাজ্য সরকার দক্ষিন দিনাজপুরের বালুরঘাট থেকে হিলি পর্যন্ত প্রস্তাবিত রেললাইন সম্প্রসারনের জন্যে প্রথম পর্যায়ে আগামী এক মাসের

মধ্যে অধিগৃহীত কিছু জমি রেলের হাতে তুলে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। গত বছরের মাঝামাঝি এই করিডরের জন্যে জমি সমীক্ষা ও অধিগ্রহনের কাজ শুরু হয়। পরে জেলা প্রশাসনের হাতে বেশ কিছুটা জমি আসায় স্টেশন ও সেতু তৈরির জন্যে সেই জমি রেলকে হস্তান্তর করা হবে বলে ঠিক হয়েছে।

উল্লেখ্য ২৯ কিলোমিটার দীর্ঘ এই প্রকল্পের জন্যে রেল যে মোট ৫০০ কোটি টাকা বরাদ্দ করেছে তার মধ্যে জমি অধিগ্রহনের ২৪৪ কোটি টাকা তারা ইতিমধ্যেই রাজ্যকে দিয়ে দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বাঁকুড়া – মশাগ্রাম রেলপথে বাঁকুড়া শহর লাগোয়া ভাদুল রেলগেটে আন্ডারপাস তৈরির জন্য বস্তি উচ্ছেদের নোটিশকে কেন্দ্র করে উত্তেজনা ছড়িয়েছে। বস্তিতে থাকা মানুষজনের দাবি, ৬০-৬৫ বছর ধরে সেখানে বসবাস করছেন তারা। উচ্ছেদের আগে পুনর্বাসনের ব্যবস্থা না হলে তাঁরা গণ আত্মহত্যার হুঁশিয়ারী দিয়েছেন। দক্ষিণ-পূর্ব রেল কর্তৃপক্ষ ওই আন্ডারপাস তৈরির জন্য বস্তি উচ্ছেদের নোটিশ দেয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

হাওড়ার বেলুড়ে লোহার ছাঁটের একটি কারখানায় আজ আচমকা বিস্ফোরণ হলে তিন শ্রমিক গুরুতর জখম হন। বিস্ফোরণের তীব্রতায় কারখানার বাইরে ছিটকে আসে লোহার টুকরো। আশঙ্কাজনক অবস্থায় জখম তিনজনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ৯ কোটি ২৬ লক্ষের বেশি কৃষকের ব্যাঙ্ক অ্যাকাউন্টে পি এম কিষাণ সম্মান নিধির ১৭-তম কিস্তির টাকা

পাঠিয়েছেন। প্রত্যক্ষ সুবিধা হস্তান্তরের মাধ্যমে এই কিস্তি বাবাদ দেওয়া হয়েছে, ২০ হাজার কোটি টাকা। তৃতীয়বার প্রধানমন্ত্রী হওয়ার পর তাঁর সংসদীয় কেন্দ্র বারাণসীতে আজই প্রথম যান প্রধানমন্ত্রী। সেখান থেকেই কৃষকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে এই আর্থিক সহায়তা পাঠানো হয়।

এই উপলক্ষে মালদা জেলার কৃষি বিজ্ঞান কেন্দ্রে প্রায় ৪-শো কৃষক উপস্থিত ছিলেন। বারাণসী থেকে প্রধানমন্ত্রীর বক্তব্য তাঁদের শোনানো হয়। হাজির ছিলেন কেন্দ্রীয় জাহাজ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর।

বোলপুর শ্রীনিকেতনেও ভার্চুয়ালী প্রধানমন্ত্রীর ভাষণ শোনেন প্রায় ১ হাজার কৃষক। উপস্থিত ছিলেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, বিশ্বভারতীর ভারপ্রাপ্ত উপাচার্য অরবিন্দ মন্ডল প্রমুখ।

বাঁকুড়ায় সোনামুখী কৃষি বিজ্ঞান কেন্দ্রের আয়োজনে প্রধানমন্ত্রীর ভাষণ শোনানোর পাশাপাশি এলাকার ১০ জন কৃষককে সম্বর্ধিত করা হয়।

oooooooooooooooooooo

রাজ্যের চারটি বিধানসভা কেন্দ্রে উপ-নির্বাচনে তৃণমূল কংগ্রেস ও বিজেপি সবকটিতে এবং বামফ্রন্ট তিনটি কেন্দ্রে প্রার্থী দেওয়ার পর কংগ্রেস আজ দুটি কেন্দ্রে প্রার্থীর নাম ঘোষণা করেছে। রায়গঞ্জে মোহিত সেনগুপ্ত এবং বাগদায় অশোক হালদার প্রতিদ্বন্দ্বিতা করবেন। কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খার্গে এই দুই প্রার্থীর নামে সম্মতি দিয়েছেন বলে দলের সাধারণ সম্পাদক কে সি বেনুগোপাল জানিয়েছেন।

উল্লেখ্য ১০-ই জুলাই হবে রায়গঞ্জ, রানাঘাট দক্ষিণ, বাগদা ও মানিকতলা বিধানসভা আসনে উপ-নির্বাচন। গণনা ১৩-ই জুলাই।

oooooooooooooooooooooooo

রাজ্যে আসন্ন চার বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে আগামী ২৬ শে জুন থেকে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হবে। মোট ৫৫ কোম্পানি বাহিনীর মধ্যে ৪৭ কোম্পানি কেন্দ্রীয় বাহিনীকে নির্বাচনের কাজে ব্যবহার করা হবে। এছাড়া চারটি জায়গায় দুই কোম্পানি করে মোট ৮ কোম্পানি বাহিনী স্ট্রংরুমের নিরাপত্তায় মোতায়েন থাকবে বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে। উপনির্বাচনের প্রস্তুতি নিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে আজ এক বৈঠক বসে। সেখানেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব জানিয়েছেন, আসন্ন বিধানসভার উপনির্বাচনে প্রত্যেকটি বুথেই ওয়েব কাস্টিং করা হবে। অবাধ ও সুষ্ঠু নির্বাচনের সবরকম ব্যবস্থা রাখা হবে।

oooooooooooooooooooooooo

রাজ্যে ভোট পরবর্তী হিংসার পরিস্থিতি সরেজমিনে দেখতে আসা বিজেপি-র কেন্দ্রীয় তথ্যানুসন্ধ্যানী দল আজ দুই ২৪ পরগনায় আক্রান্তদের সঙ্গে কথা বলেছেন।

প্রথমে তারা যান দক্ষিণ ২৪ পরগনার আমতলায় বিজেপি-র কার্যালয়ে। ডায়মন্ড হারবার ও জয়নগর লোকসভা কেন্দ্রের ঘরছাড়া দলীয় কর্মী সমর্থকের সঙ্গে দেখা করেন তাঁরা। এরপর আলতাবেড়িয়া গ্রামে যাওয়ার পথে ডায়মন্ড হারবার কেন্দ্রের পরাজিত বিজেপি প্রার্থী অভিজিৎ দাসের অফিসে আশ্রয় নেওয়া বেশ কয়েকজন ঘরছাড়া কর্মী কেন্দ্রীয় প্রতিনিধি দলের পথ আটকায়। বিজেপি-র ডায়মন্ড হারবার জেলা সভাপতি অভিজিৎ সর্দারের বিরুদ্ধে ক্ষোভ উগরে দেন তাঁরা। আলতাবেড়িয়া গ্রামে বিজেপি-র কর্মী সমর্থকদের কেউ ছিলেন না। এই সময় দলের বিক্ষুব্ধ অংশ জেলা পার্টি অফিসে তালা লাগিয়ে দিলে দুটি গোষ্ঠীর মধ্যে বচসা ও ধস্তাধস্তি হয়।

তথ্যানুসন্ধানী দলের সদস্য, প্রবীণ বিজেপি নেতা রবিশঙ্কর প্রসাদ বলেন, গোটা আলতাবেড়িয়া গ্রামে তাদের কোন কর্মী সমর্থক নেই। তাঁরা এর তীব্র প্রতিবাদ জানাচ্ছেন।

(বাইট - রবিশঙ্কর)

দলের নেতৃত্ব দিচ্ছেন, ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী, রাজ্যসভার সাংসদ বিপ্লব দেব । তিনি বলেন, পুলিশ প্রশাসনের সাহায্য নিয়ে রাজনৈতিক সন্ত্রাস চালাচ্ছে তৃণমূল কংগ্রেস।

জয়নগরে ঘরছাড়াদের সঙ্গে কথা বলার পর কেন্দ্রীয় প্রতিনিধিদলের চার সদস্য, উত্তর ২৪ পরগনার সন্দেশখালির বেড়মজুরে গিয়ে হিংসায় আক্রান্তদের সঙ্গে কথা বলেন। বসিরহাট লোকসভা কেন্দ্রের পরাজিত বিজেপি প্রার্থী রেখা পাত্রও তাঁদের সঙ্গে ছিলেন। সাংবাদিকদের বিপ্লব দেব বলেন, মুখ্যমন্ত্রী যদি নিজের দায়িত্ব ঠিক মতো পালন করতেন তাহলে তাঁদের আসতে হতো না।

(বাইট – বিপ্লব)

ooooooooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ বলেছেন বিজেপি-র দুই গোষ্ঠী নিজেদের মধ্যে মারামারি করছে, আর তৃণমূল কংগ্রেসের নামে দোষ চাপাচ্ছে। বিজেপির এই সাজানো গল্প অনেকদিন ধরেই রাজ্যে চলছে বলে মন্তব্য করেন তিনি।

oooooooooooooooooooooooo

ভোট পরবর্তী হিংসায় রাজ্যের মুখ্য সচিবের হস্তক্ষেপ দাবি করেছে বিজেপি,। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্যসভার সাংসদ

শমীক ভট্টাচার্য অভিযোগ করেন, রাজ্য জুড়ে যে ভোট পরবর্তী হিংসা চলছে, মুখ্যমন্ত্রী ও রাজ্য সরকার সে ব্যাপারে উদাসীন। বিষয়টির সমাধানে মুখ্যমন্ত্রীর সর্বদলীয় বৈঠক ডাকা উচিত ছিল। তার পরিবর্তে রাজনৈতিক কর্মসূচি পালনে রাজ্য সফর শুরু করেছেন মুখ্যমন্ত্রী। তাঁর অনুপ্রেরণাতেই এই হিংসা চলছে। যেসব এলাকায় তৃণমূল কংগ্রেস ভোট পায়নি, সেখানে মানুষকে রেশন বন্ধ করে দেওয়া হচ্ছে বলে শ্রী ভট্টাচার্যের অভিযোগ। তিনি বলেন,রাজ্যে কেন্দ্রীয় বাহিনী রয়েছে। কোথায় কত সংখ্যায় রয়েছে, মানুষ কিভাবে কেন্দ্রীয় বাহিনীর সহায়তা পাবে তা মুখ্য সচিবকে জানাতে হবে।

oooooooooooooooooooooooo

ভোট পরবর্তী হিংসার ঘটনায় ৬ থেকে ১২ই জুন পর্যন্ত ৫৬০ টি অভিযোগ পেয়েছে রাজ্য পুলিশ। কলকাতা হাই কোর্টের বিচারপতি হরিশ ট্যান্ডন এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চে আজ রিপোর্ট দিয়ে এই তথ্য জানিয়েছেন রাজ্য পুলিশের ডিজি সঞ্জয় মুখোপাধ্যায়। ভোট পরবর্তী হিংসা মামলায়, রাজ্য পুলিশের ডিজিকে ই-মেলের মাধ্যমে অভিযোগ নেওয়ার নির্দেশ দিয়েছিল হাইকোর্ট।

ভোটের পরে হিংসা আটকাতে রাজ্য পুলিশ কি কি ব্যবস্থা নিয়েছে তা জানাতেও নির্দেশ দেওয়া হয়। রাজ্য পুলিশের ডিজি সেই রিপোর্ট আদালতে জমা দেন। এতে বলা হয়েছে, মোট অভিযোগের মধ্যে ১০৭টি ক্ষেত্রে এফআইআর দায়ের হয়েছে। ৯২টি অভিযোগ বিচার্য অপরাধ বলে মনে করা হয়নি। ১১৪টি অভিযোগের ক্ষেত্রে অনুসন্ধান করে সারবত্তা মেলেনি। ৮৮টি ক্ষেত্রে একই মামলায় ভুয়ো অভিযোগ দায়ের করা হয়েছে। ১৮টি অভিযোগ ভোট পরবর্তী সন্ত্রাসের সঙ্গে সম্পর্কযুক্ত নয়। তিনটি অভিযোগ অসম্পূর্ণ। ১৩৮টি অভিযোগ খতিয়ে দেখা হচ্ছে। আগামী বৃহস্পতিবার মামলার পরবর্তী শুনানি।

oooooooooooooooooooooo

এলাকা দখলকে কেন্দ্র করে বীরভূমের পাড়ুই থানার সাত্তোর পঞ্চায়েতের বিষ্ণুখণ্ডা গ্রামে তৃণমূল কংগ্রেসের দুটি গোষ্ঠীর মধ্যে সংঘর্ষে পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠেছে। দু-পক্ষের ১০ – ১২ জন আহত। তাদের বোলপুর মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। স্থানীয় সূত্রে জানা গেছে, লোকসভা ভোটের ফল প্রকাশের পর থেকেই শাসক দলের দুটি গোষ্ঠীর মধ্যে চাপা উত্তেজনা ছিল। আজ অশান্তি শুরু হলে তারা লাঠি, লোহার রড, বাঁশ নিয়ে একে অপরকে আক্রমণ করে। চলে ঘর-বাড়ি ভাঙচুর। পুলিশ গিয়ে পরিস্থিতি সামাল দেয়।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo

ooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooo